



মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা) Muslim Ummah of North America (MUNA)

Short Syllabus for Prospective Member Applicant 2023

সম্ভাব্য মেম্বার প্রার্থীদের জন্য সংক্ষিপ্ত সিলেবাস ২০২৩

১. সহীহ কুরআন। (আল কুরআনের যে কোন জায়গা থেকে সহীহ করে তিলাওয়াত করতে পারা)
২. আল কুরআনের সূরা ফাতিহা এবং শেষ দশটি সূরা অর্থসহ মুখস্থ করা।
৩. এখানে উল্লেখকৃত প্রত্যেকটি বিষয়ের সাথে দেয়া আয়াত অর্থসহ মুখস্থ করা এবং হাদীস সংগ্রহ করে নোট তৈরী করা। এছাড়াও এই বিষয়গুলোর উপর একাধিক আয়াত ও হাদীস আর্থসহ মুখস্থ করার জন্য সংগ্রহ করে নিজস্ব নোটে রাখা।

বিষয়ঃ

- a. ঈমান (সূরা বাকারা ২:২৮৫),
- b. ইসলাম (সূরা আলি-ইমরান ৩:১৯),
- c. আখিরাত (সূরা আরাফ ৭:১৮৭),
- d. ইসলামী অন্দোলন (সূরা সফ ৬১:৯),
- e. দাওয়াত (সূরা নাহল ১৬:১২৫, সূরা হা-মীম-সাজদাহ/ ফুচ্ছিলাত ৪১:৩৩),
- f. ইসলামী সংগঠন (সূরা আলি-ইমরান ৩:১০৩),
- g. প্রশিক্ষন (সূরা জুম'আ ৬২: ২),
- h. সমাজ সেবা (সূরা আলি-ইমরান ৩:১১০),
- i. পারস্পরিক সম্পর্ক (সূরা হুজুরাত ৪৯:১০, সূরা আলি-ইমরান ৩:১০৩),
- j. হালাল ও হারাম (সূরা আলি-ইমরান ৩:১৩০, সূরা বাকারা ২:২৭৫),
- k. তওবা (সূরা তাহরীম ৬৬:৮),
- l. মৃত্যু (সূরা আনকাবুত ২৯:৫৭),
- m. ইনফাক ফি'সাবিলিল্লাহ (সূরা হাদীদ ৫৭: ১০-১১),
- n. সত্যের সাক্ষী হওয়া (সূরা বাকারা ২:১৪৩)

৪. নিম্নে উল্লেখকৃত আয়াত সমূহ তাফহীমুল কুরআন থেকে অর্থসহ টিকা পড়া এবং ইবনে কাসীর থেকে তফসীর পড়া ও সাধ্যমত মুখস্থ করার চেষ্টা করা:

- সূরা বাকারা ২: ১২৯, ১৫১, ১৭৭, ২০৭, ২৫৫, ২৫৬, ২৫৭, ২৮৫, ২৮৬,
সূরা সফ ৬১: ১-৯,
সূরা নিসা ৪: ৫৯,
সূরা আলি-ইমরান ৩: ১৯, ১০২, ১০৩ ও ১১০,
সূরা ফুরকান ২৫: ৭০, ৭১, ৭৪,
সূরা আনকাবুত ২৯:৬,
সূরা আল-কাহাফ ১৮: ১১০,
সূরা আনআম ৬:১৬২,
সূরা তওবা ৯:৪১,

৫. সংগঠন সংক্রান্ত রাসুল (সাঃ) এর ৫টি বিষয়ের নির্দেশ সংক্রান্ত হাদিস (হারিসুল আশয়ারী রাঃ থেকে বর্ণিত) মুখস্ত করা। সহায়ক বই – (কুরআন ও হাদীসের আলোকে মুনীর ৫ দফা কর্মসূচী এবং আয়াত ও হাদিস সংকলন: আই সি এস প্রকাশনী)
৬. সংজ্ঞা জানা: ঈমান, ইসলাম, তাকওয়া, শিরক, বিদয়াত, জিহাদ, হারাম ও হালাল, ইসলামী আন্দোলন, ইসলামী সংগঠন, আনুগত্য ও পারস্পরিক সংশোধন পদ্ধতি।
৭. সংগঠনের ৫ দফা পূর্ণ কর্মসূচী গঠনতন্ত্রের ভাষায় মুখস্থ বলতে পারা এবং ৫ দফা কর্মসূচীর উপরে আয়াত ও হাদিস মুখস্ত করা।
৮. গঠনতন্ত্র ও কর্মপদ্ধতি সম্পূর্ণ পড়া, বিশেষ করে গঠনতন্ত্রের নিম্নোক্ত ধারা সমূহ ভালোভাবে বুঝে শুনে পড়া: ধারা নং : ১ থেকে ৮, ১০, ১১, ২০, ২১, ২৪, ২৫ এবং পরিশিষ্ট-১।
৯. কর্মপদ্ধতি বই থেকে চেপ্টার সংগঠন ও সাব-চেপ্টার সংগঠন এবং উহার কার্যাবলী সম্পর্কে বিস্তারিত জানা।
১০. সংগঠনের মেম্বার বৈঠক ও এসোসিয়েট মেম্বার বৈঠকের এজেন্ডা ও নিয়ম সমূহ ‘কর্মপদ্ধতি’ অনুযায়ী জানা।
১১. কর্মপদ্ধতিতে উল্লেখকৃত ‘বৈঠক সমূহের নীতিমালা’ মুখস্ত করা এবং আমল করার চেষ্টা করা।
১২. ব্যক্তিগত মানোন্নয়নের রিপোর্ট রাখা ও পেশ করা। (মেম্বার আবেদন পত্রের সাথে তিন মাসের ব্যক্তিগত রিপোর্টের কপি সংযুক্ত করা)।
১৩. মুনীর সমর্থক বৃদ্ধি ও এসোসিয়েট মেম্বার বৃদ্ধি করার জন্য পরিকল্পিতভাবে কাজ করা। আপনার প্রচেষ্টায় বিগত ছয় মাসে কতজন সমর্থক বৃদ্ধি হয়েছে এবং কতজন এসোসিয়েট মেম্বার বৃদ্ধি হয়েছে তার বিবরণ।
১৪. মোয়ামালাত, আমানাত, বিশ্বাস, আর্থিক লেনদেন ইত্যাদি ক্ষেত্রে কারো সাথে আপনার কোন সমস্যা না থাকা।
১৫. সুদ ভিত্তিক কোন লেনদেনে যেমন কনভেনশনাল মর্টগেজ, ক্রেডিট কার্ডের মাধ্যমে সুদ ইত্যাদিতে জড়িত না থাকা।
১৬. হালাল আয়, হালাল ব্যয়, হালাল খাদ্য গ্রহণ, হারাম খাদ্য বর্জন করার মত ফরজ বিষয়গুলো সচেতনভাবে মেনে চলা।
১৭. দারস তৈরী করা: কমপক্ষে দারসুল কুরআন এর ৩টি ও দারসুল হাদীসের ২টি দারস পেশ করার মতো লিখিত নোট তৈরী করা।
১৮. তাহরাত, সালাতের ফরজ, ওয়াজিব ও সুন্নাত সমূহ, যাকাত, রোজা, হাজ্জ এবং মৌলিক মাসায়েল সমূহ সম্পর্কে জানা।
১৯. নিম্নোক্ত বইগুলো বুঝে শুনে পড়া ও নোট করা:
- (১) মুনীর গঠনতন্ত্র।
 - (২) মুনীর কর্মপদ্ধতি।
 - (৩) ইসলামী সংগঠন- নাজির আহমেদ, Islamic Da'wah Organization by Prof. A K M Nazir Ahmed
 - (৪) সত্যের সাক্ষ্য- সাইয়েদ আবুল আ'লা মওদুদী WITNESS UNTO MANKIND -By (author) Sayyid Abul A'la Maududi
 - (৫) চরিত্র গঠনের মৌলিক উপাদান- নঈম সিদ্দিকী / Basic Elements of Character Buildings for Islamic Activists by Naim Siddique,
 - (৬) ইসলামী আন্দোলনঃ সাফল্যের শর্তাবলী- সাইয়েদ আবুল আ'লা মওদুদী
 - (৭) আদর্শ কিভাবে প্রচার করতে হবে- আবু সালীম মুহাম্মাদ আবদুল হাই

==:সমাপ্ত:=

References:

Subject:

a. I'man / Surah Baqarah (2:285)

آمَنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ
بَيْنَ أَحَدٍ مِنْ رُسُلِهِ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ

২৮৫) রসূল তার রবের পক্ষ থেকে তার ওপর যে হিদায়াত নাযিল হয়েছে তার প্রতি ঈমান এনেছে। আর যেসব লোক ঐ রসূলের প্রতি ঈমান এনেছে তারাও ঐ হিদায়াতকে মনে-প্রাণে স্বীকার করে নিয়েছে। তারা সবাই আল্লাহকে, তাঁর ফেরেশতাদেরকে, তাঁর কিতাবসমূহকে ও তাঁর রসূলদেরক মানে এবং তাদের বক্তব্য হচ্ছেঃ “আমরা আল্লাহর রসূলদের একজনকে আর একজন থেকে আলাদা করি না। আমরা নির্দেশ শুনেছি ও অনুগত হয়েছি। হে প্রভু! আমরা তোমার কাছে গোনাহ মার্ফের জন্য প্রার্থনা করছি। আমাদের তোমারই দিকে ফিরে যেতে হবে। [2:285]

b. Islam / Ale-Imran 3:19

إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ وَمَا اخْتَلَفَ الَّذِينَ أُوْتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْعِلْمُ بَغْيًا
بَيْنَهُمْ وَمَنْ يَكْفُرْ بِآيَاتِ اللَّهِ فَإِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ

১৯) ইসলাম আল্লাহর নিকট একমাত্র দীন –জীবনবিধান। যাদেরকে কিতাব দেয়া হয়েছিল, তারা এ দীন থেকে সরে গিয়ে যেসব বিভিন্ন পদ্ধতি অবলম্বন করেছে, সেগুলো অবলম্বনের এ ছাড়া আর কোন কারণই ছিল না যে, প্রকৃত জ্ঞান এসে যাওয়ার পর তারা নিজেদের মধ্যে পরস্পরের ওপর বাড়াবাড়ি করার জন্য এমনটি করেছে। আর যে কেউ আল্লাহর হেদায়াতের আনুগত্য করতে অস্বীকার করে, তার কাছ থেকে হিসেব নিতে আল্লাহর মোটেই দেরী হয় না। [3:19]

c. Akhirah / Al-Araf (7:187)

يَسْأَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّي لَا يُجَلِّيهَا لِوَقْتِهَا إِلَّا هُوَ ثَقُلَتْ
فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَا تَأْتِيكُمْ إِلَّا بَغْتَةً يَسْأَلُونَكَ كَأَنَّكَ حَفِيٌّ عَنْهَا قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللَّهِ ﴿١٨٧﴾
وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

১৮৭) তারা তোমাকে জিজ্ঞেস করছে, কিয়ামত কবে ও কখন হবে? বলে দাও, একমাত্র আমার রবই এর জ্ঞান রাখেন। সঠিক সময়ে তিনিই তা প্রকাশ করবেন। আকাশ ও পৃথিবীতে তা হবে ভয়ংকর কঠিন সময়। সহসাই তা তোমাদের ওপর এসে পড়বে। তারা তোমার কাছে এ ব্যাপারে এমনভাবে জিজ্ঞেস করছে যেন তুমি তার সন্ধানে ঘুরে বেড়াচ্ছ? বলে দাও, একমাত্র আল্লাহরই এর জ্ঞান রাখেন। কিন্তু অধিকাংশ লোক এ সত্যটি জানে না। (7:187)

d. Islamic Movement/Sura Saff (61:09)

﴿٩﴾ هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ

৯) তিনিই সেই মহান সত্তা যিনি তাঁর রসূলকে হিদায়াত এবং ‘দীনে হক’ দিয়ে পাঠিয়েছেন যাতে তিনি এ দীনকে অন্য সকল দীনের ওপর বিজয়ী করেন, চাই তা মুশরিকদের কাছে যতই অসহনীয় হোক না কেন। [61:9]

e. **Dawah**/Surah An-Nahl:125

ادْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحُكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ

بِمَنْ ضَلَّ عَنْ سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ

তুমি মানুষকে তোমার রবের পথে আহ্বান কর হিকমাত ও সদুপদেশ দ্বারা এবং তাদের সাথে আলোচনা কর সুন্দরভাবে। তোমার রাব্ব ভাল করেই জানেন কে তাঁর পথ ছেড়ে বিপথগামী এবং কে সৎ পথে আছে। [16:125]

As-Sajdah:33

﴿٣٣﴾ وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِمَّنْ دَعَا إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ

ঐ ব্যক্তি অপেক্ষা কথায় কে উত্তম যে আল্লাহর প্রতি মানুষকে আহ্বান করে, সৎ কাজ করে এবং বলেঃ আমি তো আত্মসমর্পনকারীদের অন্তর্ভুক্ত। [41:33]

f. **Islamic Organization**/Sura Ale-Imran:103

وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ كُنْتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ

قُلُوبِكُمْ فَأَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ إِخْوَانًا وَكُنْتُمْ عَلَى شَفَا حُفْرَةٍ مِنَ النَّارِ فَأَنْقَذَكُمْ مِنْهَا كَذَلِكَ يُبَيِّنُ اللَّهُ

لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ

আর তোমরা একযোগে আল্লাহর রজ্জু সুদৃঢ় রূপে ধারণ কর ও বিভক্ত হয়ে যেওনা, এবং তোমাদের প্রতি আল্লাহর যে দান রয়েছে তা স্মরণ কর। যখন তোমরা পরস্পর শত্রু ছিলে তখন তিনিই তোমাদের অন্তঃকরণে প্রীতি স্থাপন করেছিলেন, অতঃপর তোমরা তাঁর অনুগ্রহে ভ্রাতৃত্ব আবদ্ধ হলে এবং তোমরা অনল-কুন্ডের ধারে ছিলে, অনন্তর তিনিই তোমাদেরকে ওটা হতে উদ্ধার করেছেন; এরূপে আল্লাহ তোমাদের জন্য স্থায়ী নিদর্শনাবলী ব্যক্ত করেন, যেন তোমরা সুপথ প্রাপ্ত হও। [3:103]

g. **Education**/ Surah Jum'a :2

هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِنْهُمْ يَتْلُو عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَإِنْ كَانُوا مِنْ

قَبْلَ لَفِي ضَلَالٍ مُبِينٍ

তিনিই উম্মীদের মধ্যে তাদের একজনকে পাঠিয়েছেন রাসূল রূপে যে তাদের নিকট আবৃত্তি করে তাঁর আয়াত, তাদেরকে পবিত্র করে এবং শিক্ষা দেয় কিতাব ও হিকমাত; ইতোপূর্বেতো তারা ছিল ঘোর বিভ্রান্তিতে। [62:2]

h. **Social service**/ Sura Al-Imran:110

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ وَلَوْ آمَنَ

أَهْلُ الْكِتَابِ لَكَانَ خَيْرًا لَهُمْ مِنَ الْمُؤْمِنُونَ وَأَكْثَرُهُمْ الْفَاسِقُونَ

তোমরাই সর্বোত্তম উম্মাত, মানব জাতির কল্যাণের জন্য তোমাদের উদ্ভব ঘটানো হয়েছে, তোমরা সৎ কাজে আদেশ করবে ও অসৎ কাজে নিষেধ করবে এবং আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করবে; আর যদি গ্রন্থ প্রাপ্তরা বিশ্বাস স্থাপন করত তাহলে অবশ্যই তাদের জন্য মঙ্গল হত; তাদের মধ্যে কেহ কেহ মু'মিন এবং তাদের অধিকাংশই দুষ্কার্যকারী। [3:110]

i. **Relationship/** Surah Hujurat :10

﴿ ١٠ ﴾ اِنَّمَا الْمُؤْمِنُونَ اِخْوَةٌ فَاَصْلِحُوا بَيْنَ اٰخْوَانِكُمْ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ

মু'মিনরা পরস্পর ভাই ভাই। সূতরাং তোমরা দুই ভাইয়ের মধ্যে মীমাংসা করে দাও এবং আল্লাহকে ভয় কর যাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। [49:10]

Sura Ale-Imran:103

وَاعْتَصِمُوا بِحَبْلِ اللّٰهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا وَاذْكُرُوا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ كُنْتُمْ اَعْدَاءً فَالْتَفَ بَيْنَ

قُلُوبِكُمْ فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ اِخْوَانًا وَكُنْتُمْ عَلٰى شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَاَنْقَذَكُمْ مِّنْهَا كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ

لَكُمْ آيٰتِهٖ لَعَلَّكُمْ تَهْتَدُونَ

আর তোমরা একযোগে আল্লাহর রজ্জু সুদৃঢ় রূপে ধারণ কর ও বিভক্ত হয়ে যেওনা, এবং তোমাদের প্রতি আল্লাহর যে দান রয়েছে তা স্মরণ কর। যখন তোমরা পরস্পর শত্রু ছিলে তখন তিনিই তোমাদের অন্তঃকরণে প্রীতি স্থাপন করেছিলেন, অতঃপর তোমরা তাঁর অনুগ্রহে ভ্রাতৃত্ব আবদ্ধ হলে এবং তোমরা অনল-কুন্ডের ধারে ছিলে, অনন্তর তিনিই তোমাদেরকে ওটা হতে উদ্ধার করেছেন; এরূপে আল্লাহ তোমাদের জন্য স্বীয় নিদর্শনাবলী ব্যক্ত করেন, যেন তোমরা সুপথ প্রাপ্ত হও। [3:103]

j. **Halal and Haram/** Surah Baqarah 172, 273

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُلُوْا مِمَّا رَزَقَكُمُ وَاشْكُرُوْا لِلّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاہ تَعْبُدُوْنَ ۙ ۱۷۲

হে বিশ্বাস স্থাপনকারীগণ! আমি তোমাদেরকে যা উপজীবিকা স্বরূপ দান করেছি সেই পবিত্র বস্তুসমূহ আহার কর এবং আল্লাহর নিকট কৃতজ্ঞতা প্রকাশ কর, যদি তোমরা তাঁরই ইবাদাত করে থাক। (2:172)

اِنَّمَا حَرَّمَ عَلٰىكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَحُمَ الْمُخْنَزِيْرَ وَمَا اٰهَلَّ بِهٖ لِغَيْرِ اللّٰهِ فَمَنْ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَلَا عَادٍ فَلَا اِثْمَ عَلَيْهِ ۗ اِنَّ

اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۙ ۱۷۳

তিনি শুধু তোমাদের জন্য মৃত জীব, রক্ত, শুকরের মাংস এবং যা আল্লাহ ব্যতীত অপরের উদ্দেশে নিবেদিত - তদ্ব্যতীত অবৈধ করেননি; বস্তুতঃ যে ব্যক্তি নিরুপায়, কিন্তু সীমা লংঘনকারী নয়, তার জন্য পাপ নেই; এবং নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, করুণাময়। (2:173)

Sura Ale-Imran:130

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَاْكُلُوْا الرِّبَا اَضْعَافًا مُّضَاعَفًا وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ

হে ঈমানদারগণ! তোমরা দ্বিগুণের উপর দ্বিগুণ সুদ ভক্ষণ করনা এবং আল্লাহকে ভয় কর যেন তোমরা সুফল প্রাপ্ত হও। [3:130]

k. **Tawbah/** Surah Tahrim 66:8

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا تُوْبُوْا اِلَى اللّٰهِ تَوْبَةً نَّصُوْحًا عَسٰى رَّبُّكُمْ اَنْ يُّكْفِرَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيُدْخِلَكُمُ جَنَّٰتٍ تَجْرٰى مِنْ

تَحْتِهَا الْاَنْهَارُ يَوْمَ لَا يُخْزٰى اللّٰهُ النَّبِيَّ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهُ نُورُهُمْ يَسْعٰى بَيْنَ اَيْدِيْهِمْ وَاَيُّمَانِهِمْ يَقُوْلُوْنَ رَبَّنَا

اٰتِنَا نُوْرًا وَاغْفِرْ لَنَا اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

হে বিশ্বাস স্থাপনকারীগণ! তোমরা আল্লাহর নিকট তাওবাহ কর, বিশুদ্ধ তাওবাহ; সম্ভবতঃ তোমাদের রাস্ব তোমাদের মন্দ কাজগুলি মোচন করে দিবেন এবং তোমাদেরকে দাখিল করবেন জান্নাতে, যার পাদদেশে নদী প্রবাহিত। সেই দিন নাবী এবং তাঁর

বিশ্বাসী বান্দাদেরকে আল্লাহ অপদস্ত করবেননা। তাদের জ্যোতি তাদের সম্মুখে এবং দক্ষিণ পার্শ্বে ধাবিত হবে। তারা বলবেঃ হে আমাদের রাক্ব! আমাদের জ্যোতিকে পূর্ণতা দান করুন এবং আমাদেরকে ক্ষমা করুন, আপনি সর্ব বিষয়ে ক্ষমতাবান। [66:8]

I. **Death/ Surah Ankabut 29:57**

كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ثُمَّ إِلَيْنَا تُرْجَعُونَ

জীব মাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণকারী; অতঃপর তোমরা আমারই নিকট প্রত্যাবর্তিত হবে। [29:57]

m. **Infaq fi'sabilillah/Surah Hadid 57: 10-11**

﴿١٠﴾ وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ مِيرَاثُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَا يَسْتَوِي مِنْكُمْ مَنْ أَنْفَقَ مِنْ قَبْلِ

الْفَتْحِ وَقَاتَلَ أُولَئِكَ أَعْظَمُ دَرَجَةً مِنَ الَّذِينَ أَنْفَقُوا مِنْ بَعْدُ وَقَاتَلُوا وَكَلَّا وَعَدَّ اللَّهُ الْحُسْنَىٰ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ

خَيْرٌ

তোমরা আল্লাহর পথে কেন ব্যয় করবেনা? আকাশমন্ডলী ও পৃথিবীর মালিকানাতে আল্লাহরই। তোমাদের মধ্যে যারা মাক্কা বিজয়ের পূর্বে ব্যয় করেছে এবং সংগ্রাম করেছে তারা এবং পরবর্তীরা সমান নয়; তারা মর্যাদায় শ্রেষ্ঠ তাদের অপেক্ষা যারা পরবর্তীকালে ব্যয় করেছে ও সংগ্রাম করেছে। তবে আল্লাহ উভয়ের কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। তোমরা যা কর আল্লাহ তা সবিশেষ অবহিত। [57:10]

﴿١١﴾ مَنْ ذَا الَّذِي يُقْرِضُ اللَّهَ قَرْضًا حَسَنًا فَيُضَاعِفَهُ لَهُ وَلَهُ أَجْرٌ كَرِيمٌ

কে আছে যে আল্লাহকে দিবে উত্তম ঋণ? তাহলে তিনি বহু গুণে একে বৃদ্ধি করবেন এবং তার জন্য রয়েছে মহা পুরস্কার। [57:11]

n. **Witness the Truth (Surah Baqarah 2:143)**

وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِي كُنْتَ عَلَيْهَا إِلَّا لِنَعْلَمَ مَنْ يَتَّبِعِ الرَّسُولَ مِمَّنْ يَنْقَلِبُ عَلَى عَقْبَيْهِ وَإِنْ كَانَتْ نَكِيرَةً إِلَّا عَلَى الَّذِينَ هَدَى اللَّهُ وَمَا كَانَ اللَّهُ لِيُضَيِّعَ إِيمَانَكُمْ إِنَّ اللَّهَ

بِالنَّاسِ لَرءُوفٌ رَحِيمٌ

بِالنَّاسِ لَرءُوفٌ رَحِيمٌ

এভাবে আমি তোমাদেরকে আদর্শ জাতি করেছি, যেন তোমরা মানবগণের জন্য সাক্ষী হও এবং রাসূলও তোমাদের জন্য সাক্ষী হয়; এবং তুমি যে কিবলার দিকে ছিলে তা আমি এ জন্য প্রতিষ্ঠিত করেছিলাম যে, কে রাসূলের অনুসরণ করে, আর কে তা হতে স্থায় পদদ্বয়ে পশ্চাতে ফিরে যায় আমি তা জেনে নিব এবং আল্লাহ যাদেরকে পথ প্রদর্শন করেছেন তারা ছাড়া অপরের জন্য এটি অবশ্যই কঠোরতর; এবং আল্লাহ এরূপ নন যে, তোমাদের বিশ্বাস বিনষ্ট করেন; নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি স্নেহশীল, করুণাময়। [2:143]

END of References